

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল  
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬২

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

বিষয়: পিজিসিবি কর্তৃক নির্মিতব্য “বোর্ড বাজার ১৩২/৩৩ কেভি সাব-উপকেন্দ্র নির্মানের জন্য গাজীপুর সদর উপজেলাধীন কলমেশ্বর মৌজায় সর্বমোট প্রায় ১.০২৪১ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে” অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ০১. ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৩৩.১৯.৩৬৪, তারিখঃ ০২/০৪/২০১৯

০২. ২৭.২১.২৬০৪.৪২৭.১৪.০৩৩.১৯.৩২৬, তারিখঃ ১১/০৩/২০২০

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, পিজিসিবি কর্তৃক নির্মিতব্য “বোর্ড বাজার ১৩২/৩৩ কেভি সাব-উপকেন্দ্র নির্মানের জন্য গাজীপুর সদর উপজেলাধীন কলমেশ্বর মৌজায় সর্বমোট প্রায় ১.০২৪১ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তি ছাড়পত্র চেয়ে আবেদন করা হয়েছে এবং ২ নং সূত্রের মাধ্যমে পূর্বের প্রদত্ত অনাপত্তি পত্রে উল্লিখিত ১১৫, ১২৫ ও ১২৬ নং দাগে ১টি পাকা দোতলা বাড়ী এবং কিছু টিনশেড ঘর বিদ্যমান থাকায় বাস্তবতার নিরিখে অনাপত্তি পত্রটি বাতিল করার অনুরোধের প্রেক্ষিতে নগর উন্নয়ন অধিদপ্তর কর্তৃক প্রদত্ত (স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.১৪৬, তারিখঃ ০৪/১২/২০১৮ ইং) অনাপত্তি পত্রটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

পরবর্তীতে ১নং সূত্রের পত্রে আবেদনকৃত প্রস্তাবিত জমির মৌজা শিডিউল (মৌজা ম্যাপ, সংযুক্তি-১) নিম্নরূপ:

উপজেলার নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	দাগ নং	পূর্ণ/ আংশিক	জমির পরিমাণ (শতাংশ)
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	০০	১১৬	আংশিক	১৯.৫১
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	০০	১১৮	পূর্ণ	১০.০০
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	০০	১১৯	পূর্ণ	৪১.০০
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	০০	১২৩	পূর্ণ	১৮.০০
গাজীপুর সদর	কলমেশ্বর	১৬	০০	১২৪	আংশিক	১৩.৯০
মোট=						১.০২৪১ একর

তদপ্রেক্ষিতে উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন (সংযুক্তি-২) অনুযায়ী উক্ত জমিটি বর্তমানে খালি রয়েছে এবং পশ্চিম পাশে একটি খাল ও কাচা রাস্তা রয়েছে (গুগল ম্যাপ সংযুক্ত, সংযুক্তি-৩)। RAJUK এর Detail Area Plan (DAP) এর Database

পর্যালোচনা করে দেখা যায় জায়গাটির বর্তমান ভূমি ব্যবহার আবাসিক (বর্তমান ভূমি ব্যবহার ম্যাপ, সংযুক্তি-৪) প্রস্তাবিত ভূমি ব্যবহার (Group-A, Grid No.-G19) Urban Residential Zone (প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ, সংযুক্তি-৫) হিসেবে চিহ্নিত আছে এবং পাশে ১৭০ ফুট রাস্তার প্রস্তাবনা রয়েছে। DAP এ Urban Residential Zone এ Static Transformer Station এর Landuse Permission দেয়া আছে (Final Plan Report, Group-E, Page-4-35, সংযুক্তি-৬)। রাজউক কর্তৃক Waterbody এর সীমানা থেকে ৩.৫ মি. দূরত্ব বজায় রাখার শর্তে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩০.৩৬.০০১.১৯-৪২, তারিখ-১৯/০১/২০২০ ইং, সংযুক্তি-৭)।

এমতাবস্থায়, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের কোন আপত্তি নাই।


০১. প্রস্তাবিত জমির পশ্চিম সীমানা সংলগ্ন খালের পাড় হতে পানি আইন, ২০১৩ অনুযায়ী ১০ মি. জায়গা ফোরশোর হিসেবে সংরক্ষিত রাখতে হবে।

০২. নিজস্ব Access Road তৈরী করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পিজিসিবি কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

### সংযুক্তি:

০১. প্রকল্প এলাকার মৌজা ম্যাপ।
০২. পরিদর্শন প্রতিবেদন।
০৩. প্রস্তাবিত এলাকার গুগল ম্যাপ।
০৪. প্রকল্প এলাকার বর্তমান ভূমি ব্যবহার ম্যাপ।
০৫. প্রকল্প এলাকার প্রস্তাবিত ভূমি ব্যবহার ম্যাপ।
০৬. Landuse Permission।
০৭. রাজউক এর ছাড়পত্র।



১৪-৬-২০২০

আহমেদ আখতারুজ্জামান  
সিনিয়র প্ল্যানার

প্রকৌ: সুকঠ লাল নাগ, প্রকল্প পরিচালক  
পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেন্জেনিং প্রকল্প  
পাওয়ার গ্রীড কোম্পানী বাংলাদেশ, হাউজ নং-২৯, রোড-০১,  
ব্লক-ডি, আফতাবনগর, বাবু, ঢাকা-১২১২।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৮.১৭.৬২/১(৪)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(গবেষণা ও সমন্বয়), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৪) প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর



১৪-৬-২০২০

জাকিয়া সুলতানা

প্ল্যানার